

১০/১০/০৭



ছাত্রদল সভাপতি হেলাল হেফতার

নিজস্ব বার্তা পরিবেশক

চাঁদাবাজির অভিযোগে ছাত্রদলের কেন্দ্রীয় সভাপতি আজিজুল বারী হেলালকে আটক করেছে গোয়েন্দা পুলিশ। রাজধানীর মগবাজারের বাসা থেকে গতকাল শুক্রবার সকালে তাকে আটক করা হয়। আটকের পর তাকে মিন্টো রোডের গোয়েন্দা দপ্তরে নিয়ে যাওয়া হয়েছে।

হেলালের স্ত্রী বুশরা হোসেন জানান, গতকাল সকাল পৌনে ৭টার দিকে গোয়েন্দা হেফতার : পৃষ্ঠা : ১১ ক : ৪

হেফতার : সভাপতি

(১ম পৃষ্ঠার পর)

পুলিশের একটি দল মগবাজারের ৮/১ নিউ সার্কুলার রোডে তার বাসায় যায়। হেলালের বিরুদ্ধে চাঁদাবাজিসহ নানা অভিযোগ রয়েছে বলে তার স্ত্রী বুশরা হোসেনকে জানানো হয়। এ সময় জিজ্ঞাসাবাদের কথা বলে তাকে আটক করে গোয়েন্দা পুলিশ। হেলালের স্ত্রী জানতে চান হেলালের আটকাদেশ আছে কি না। এ সময় গোয়েন্দা পুলিশ কোন আটকাদেশ দেখাতে পারেনি। আটকের পর আজিজুল বারী হেলালকে রাজধানীর মিন্টো রোডের গোয়েন্দা দপ্তরে নেয়া হয়েছে বলে তার পরিবার সূত্রে জানা গেছে।

এ ব্যাপারে গোয়েন্দা পুলিশের এক কর্মকর্তা জানান, আজিজুল বারী হেলালের নামে চাঁদাবাজিসহ নানা অভিযোগ রয়েছে। তাই তাকে আটক করা হয়েছে।

আজিজুল বারী হেলাল গত আড়াই বছর ধরে ছাত্রদলের সভাপতির পদে রয়েছেন। তিনি ২০০৫ সালের এপ্রিল মাসে ছাত্রদলের সভাপতি মনোনীত হন। এর আগে দুই বছর তিনি ছাত্রদলের সাধারণ সম্পাদক ছিলেন। সাধারণ সম্পাদক মনোনীত হওয়ার আগে তিনি দলের সহসভাপতি পদসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। তার গ্রামের বাড়ি খুলনার রূপসায়।